চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৫২৩ তম সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনির - ১৫২৩তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল সাড়ে পাঁচটার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫২৩তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল।

স্বরচিত লেখা পাঠ করেন শহিদুল ইসলাম,হুমায়ুন কবীর,সুমন মালিক,কাজল গুনু,,আবু নাসিফ খলিল, আনছার আলী, সুমন ইকবাল,ডা. তোফাজ্জল হোসেন প্রমুখ। স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহয়োগী অধ্যাপক ড. মুন্সি আবু সাইফ। বাংলা সাহিত্যের অন্যতম পুরোধা মহাকবি মাইকেল মধুসূদন দত্তের উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। অনুভূতি ব্যক্ত করেন ডা. হেদায়েত উল্লাহ,শেখ পিন্টু,মিনারুল ইসলাম এবং আশরাফুল ইসলাম ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।